গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-
১২৩০ bpi.gov.bd

বিষয়: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর সুশাসন সম্পর্কিত উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মত বিনিময় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৪ নভেম্বর ২০২১ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন সিস্টেম (জুম) |
| উপস্থিতি | রেকর্ডেড |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মহাপরিচালক ও সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের সুশাসন সম্পর্কিত উত্তম চর্চার বিষয়সমূহ উপস্থাপনার জন্য নির্দেশনা প্রদান করেন।

২। সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উত্তম চর্চার আওতায় বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্তৃক গৃহীত কার্যক্রমের বিবরণ প্রদান করা হয়। বিদ্যুৎ, পানি ও গ্যাস এর অপচয় রোধ পর্যবেক্ষণ, গাড়ির জ্বালানি ব্যবহারের সঠিক পর্যবেক্ষণ, সেবার মান উন্নয়নে গণশুনানী আয়োজন, দুর্নীতি প্রতিরোধে মটিভেশনাল সভা আয়োজন, নগদে কেনাকাটার ভাউচার ১০০% যাচাই ইত্যাদি বিষয়সমূহ গুরুত্বের সাথে তুলে ধরা হয়। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের ২০২১-২২ অর্থবছরের উত্তম চর্চার লক্ষ্যমাত্রা তুলে ধরা হয়।

৩। এ পর্যায়ে আলোচনায় অংশ নিয়ে সভাপতি, সভায় অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের প্রতিনিধিদের ধন্যবাদ জানান। এরপর তিনি সভায় উপস্থিত দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহের প্রতিনিধির নিকট হতে মতামত আহ্বান করেন।

৪। জনাব মোঃ আবদুল্লাহ আল মোবিন, উপ-মহাব্যবস্থাপক, ইস্টার্ন রিফাইনারি লিমিটেড, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর প্রশিক্ষণ ক্যালেন্ডারে উত্তম চর্চা বিষয়ক আরো অধিক সংখ্যক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট হতে উত্তম চর্চা বিষয়ক আরো অধিক সংখ্যক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করার বিষয়টি নিশ্চিত করা হয়।

৫। আলোচনায় অংশ নিয়ে জনাব জিল্লুর রহমান, উপ-মহাব্যবস্থাপক (এইচ. আর), সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের প্রশিক্ষণ ক্যালেন্ডারে তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, জাতীয় শুদ্ধাচার, ই-গভর্নেন্স বিষয়ক পুনরাবৃত্তিমূলক (Repetitive) প্রশিক্ষণ রাখার বিষয়ে অনুরোধ করেন। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট হতে অনুরোধে প্রশিক্ষণ আয়োজনের পত্র প্রাপ্তি সাপেক্ষে অধিক সংখ্যক তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, জাতীয় শুদ্ধাচার, ই-গভর্নেন্স বিষয়ক পুনরাবৃত্তিমূলক প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার বিষয়টি নিশ্চিত করা হয়।

৬। এ পর্যায়ে আলোচনায় অংশ নিয়ে জনাব মুহাম্মাদ মাহবুব আলম, উপ-মহাব্যবস্থাপক, বাপেক্স, COVID-19 অতিমারী অবস্থার উন্নতির সাপেক্ষে সশরীরে বিপিআই-এ প্রশিক্ষণ কার্যক্রম শুরু করার আহ্বান জানান। সভায় সভাপতি আশাবাদ ব্যক্ত করেন যে, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট COVID-19 অতিমারী অবস্থার উন্নতির সাপেক্ষে সশরীরে সকল প্রশিক্ষণ আয়োজনে আগ্রহী ও সদা প্রস্তুত রয়েছে এবং নির্দেশনা প্রাপ্তির সাপেক্ষে এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। জনাব সানজিদা, সহকারী বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক অধিদপ্তর, সভায় জানান যে, উত্তম চর্চার আওতায় তাঁরা লাইসেন্স তদারকি করে মন্ত্রণালয়ে প্রেরণ, নিয়মিত অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি, গাড়ির জ্বালানি ব্যবহার নিয়মিত পর্যবেক্ষণ ইত্যাদি কার্যক্রম পরিচালনা করে থাকেন।

৮। জনাব শাহতাজ করিম, উপ-পরিচালক, ভূতাত্তিক জরিপ অধিদপ্তর, সভায় জানান যে, উত্তম চর্চার আওতায় তাঁরা ফিল্ড ওয়ার্ক সম্পর্কিত ফিল্ড টিম মনিটরিং, গবেষণার যন্ত্রপাতির সঠিক ব্যবহার পর্যবেক্ষণ, উপস্থিতি মনিটরিং, অফিস পরিষ্কার পরিচ্ছন্নতা মনিটরিং ইত্যাদি কার্যক্রম পরিচালনা করে থাকেন।

৯। এ পর্যায়ে সভাপতি বলেন, ট্রেনিং ইন্সটিটিউট হিসেবে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট প্রতি অর্থবছরের শুরুতে ট্রেনিং ক্যালেন্ডার প্রণয়ন করে থাকে এবং ট্রেনিং ক্যালেন্ডার অনুসারে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অধীনে সুশাসন সম্পর্কিত প্রশিক্ষণ আয়োজন করে থাকে। প্রতিটি প্রতিষ্ঠানে এসব বিষয় আবশ্যিকভাবে চর্চা করা হয়। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্তৃক আয়োজিত উত্তম চর্চা বিষয়ক প্রশিক্ষণের মাধ্যমে প্রতিটি প্রতিষ্ঠান সমৃদ্ধ হতে পারে। তিনি অংশগ্রহণকারী সকল কর্মকর্তাবৃন্দকে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটে প্রশিক্ষণ গ্রহণ করার বিষয়ে আহ্বান জানান। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের একমাত্র ট্রেনিং প্রতিষ্ঠান হলো বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট। এটিকে শক্তিশালী করার জন্য তিনি উপস্থিত কর্মকর্তাবৃন্দের সহযোগিতা ও মূল্যবান পরামর্শ আহ্বান করেন।


১০। সিদ্ধান্ত:

ক। উত্তম চর্চা বিষয়ক আরো অধিক সংখ্যক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করতে হবে।

খ। বিভিন্ন কোম্পানি ও প্রতিষ্ঠান থেকে অনুরোধে প্রশিক্ষণ আয়োজনের পত্র প্রাপ্তি সাপেক্ষে অধিক সংখ্যক তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, জাতীয় শুদ্ধাচার, ই-গভর্নেন্স বিষয়ক পুনরাবৃত্তিমূলক প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট COVID-19 অতিমারী অবস্থার উন্নতির সাপেক্ষে সশরীরে সকল প্রশিক্ষণ আয়োজনে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৪.২৪.০০৭.১৮.৩৮

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৮
১৬ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
২) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৩) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৪) পরিচালক (যুগ্ম সচিব), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৫) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট
৬) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
৭) মহাপরিচালক , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৮) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৯) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড
১০) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
১১) ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১২) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
১৩) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৪) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৫) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
১৬) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
১৭) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৮) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
১৯) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
২০) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড
২১) ম্যানেজিং ডাইরেক্টর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড
২২) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড
২৩) ম্যানেজিং ডাইরেক্টর , ইস্টার্ন রিফাইনারী লিমিটেড
২৪) ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড
২৫) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
২৬) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড
২৭) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

২৮) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

২৯) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩০) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩১) বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩২) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট


৩৩) সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩৬) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩৭) সহকারী পরিচালক, গ্রন্থাগার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক